রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ/০২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

**এস.আর.ও. নং ২৯০-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''**কমিশন**''অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) ''**তফসিল**'' অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) ''**নিয়োগকারী কর্তৃপক্ষ**'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা ;

(ঘ) ''**পদ**'' অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) ''**প্রয়োজনীয় যোগ্যতা**'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) ''**শিক্ষানবিশ**'' অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং



মূল্য : টাকা ৩০.০০

(ছ) **''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃত বোর্ড'' বা ''স্বীকৃত ইনস্টিটিউট''** অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে,কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়ঃসীমা শিথিলযোগ্য হইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, এবং

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে;

(খ) পরিচ্ছন্নতাকর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষ, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) এবং নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩তম হইতে ১৬তম গ্রেডের কোনো পদ হইতে ১০ম হইতে ১২তম গ্রেডের কোনো পদে এবং ১০ম হইতে ১২তম গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকরিতে স্থায়ী করিবে;এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত বর্ধিত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬ এর উপ-বিধি (৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫,অতঃপর রহিতকৃত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

(৩) এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিতকৃত বিধিমালার বিলুপ্তকৃত পদসমূহে যাহারা বর্তমানে কর্মরত রহিয়াছেন তাহারা চাকরি হইতে অবসর বা পদোন্নতি বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য না হইলে উক্ত পদসমূহে এমনভাবে কর্মরত থাকিবেন যেন উক্ত পদসমূহ বিলুপ্ত হয় নাই।

**তফসিল-১**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | জ্যেষ্ঠ উৎপাদন অর্থনীতিবিদ | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ বা সহকারী প্রধান বা অ্যাসিস্ট্যান্ট চিফ বা মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা বা হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা উদ্যান বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ২। | উপ-প্রধান | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ বা সহকারী প্রধান বা অ্যাসিস্ট্যান্ট চিফ বা মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা বা হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা উদ্যান বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৩। | ডেপুটি ডিরেক্টর (ট্রেনিং) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক (উন্নয়নে মহিলা) বা সহকারী পরিচালক (প্রশাসন/ পার্সোনেল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৪। | প্রধান কৃষিতত্ত্ববিদ | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ বা সহকারী প্রধান/অ্যাসিস্ট্যান্ট চিফ বা মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা বা হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা উদ্যান বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি সহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | প্রধান বালাই ব্যবস্থাপনা বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ বা সহকারী প্রধান/অ্যাসিস্ট্যান্ট চিফ বা মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা বা হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা উদ্যান বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৬। | উপ-পরিচালক (মনিটরিং ও কো-অর্ডিনেশন) | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ বা সহকারী প্রধান/ অ্যাসিস্ট্যান্ট চিফ বা মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা বা হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা উদ্যান বিশেষজ্ঞ বা সহকারী পরিচালক (উন্নয়নে মহিলা) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৭। | কৃষি অর্থনীতিবিদ | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গনিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গনিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৮। | উৎপাদন অর্থনীতিবিদ | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গনিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গনিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | সহকারী প্রধান বা অ্যাসিস্ট্যান্ট চিফ | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১০। | মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১১। | সহকারী পরিচালক (উন্নয়নে মহিলা) | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বা এসিস্ট্যান্ট হর্টিকালচারিস্ট বা সহকারী উদ্যানতত্ত্ববিদ বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১২। | হর্টিকালচারিস্ট বা উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা গবেষণা কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | উদ্যান উন্নয়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৪। | উদ্যান বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী উদ্যানতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (নন-ক্যাডার) বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ (নন-ক্যাডার) বা বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৫। | নির্বাহী প্রকৌশলী (প্রকল্প প্রকৌশলী) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রকৌশলী বা যান্ত্রিক প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৬। | সিনিয়র কৃষি প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৭। | প্রোগ্রামার | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৮। | সহকারী পরিচালক (অর্থ) | - | পদোন্নতির মাধ্যমে | হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৯। | সহকারী পরিচালক (প্রশাসন/পার্সোনেল) | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তা বা উদ্ভিদ রোগতত্ত্ববিদ বা সঙ্গানিরোধ কীটতত্ত্ববিদ বা সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ বা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বা এসিস্ট্যান্ট হর্টিকালচারিস্ট বা সহকারী উদ্যান তত্ত্ববিদ বা সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০। | গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জুনিয়র গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বা কৃষি অর্থনীতি বিষয়ে অন্যূন ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২১। | পরিসংখ্যান কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বা কৃষি অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২২। | বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৩। | উদ্ভিদ রোগতত্ত্ববিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৪। | সঙ্গনিরোধ কীটতত্ত্ববিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা কীটতত্ত্বসহ প্রাণিবিদ্যা বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রি । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | সঙ্গনিরোধ রোগতত্ত্ববিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৬। | কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৭। | এসিস্ট্যান্ট হর্টিকালচারিস্ট বা সহকারী উদ্যান তত্ত্ববিদ | অনূর্ধ্ব৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৮। | সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা | অনূর্ধ্ব৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২৯। | কৃষি প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০। | যান্ত্রিক প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল বা অটোমোবাইল প্রকৌশল বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩১। | সহকারী প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে ৪ (চার)বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩২। | সহকারী প্রোগ্রামার | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | বাজেট অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪। | আর্টিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চারু ও কারু কলা বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩৫। | নার্সারি তত্ত্বাবধায়ক বা সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বা উদ্ভিদ সঙ্গনিরোধ পরিদর্শক বা নার্সারি সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কৃষি ডিপ্লোমাসহ উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী সঙ্গনিরোধ কর্মকর্তা বা উপ-সহকারী প্রশিক্ষক বা সহকারী মাশরুম উন্নয়ন কর্মকর্তা বা কৃষি উপদর্শক (কৃষি ডিপ্লোমা) বা কারিগরি সহকারী বা ওভারসিয়ার বা ফিল্ডম্যান বা কৃষি সম্প্রসারণ কর্মী (কমলাচাষ) বা মাঠ কর্মী (কৃষি ডিপ্লোমা) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩৬। | উপ-সহকারী প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ সিভিল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ৪ (চার)বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩৭। | জুনিয়র গবেষণা কর্মকর্তা | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে উহা স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৩৮। | প্রটোকল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |
| ৩৯। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা কম্পিউটার অপারেটর বা সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |
| ৪০। | বাজেট অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | উর্ধ্বতন হিসাবরক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |
| ৪১। | স্টোর অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | স্টোর কিপার বা গুদামরক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |
| ৪২। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | মেকানিক বা অটোমোবাইল মেকানিক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৩। | উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা উপ-সহকারী প্রশিক্ষক বা উপ-সহকারী সঙ্গনিরোধ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ কারিগরি শিক্ষাবোর্ড হইতে ৪ (চার) বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |
| ৪৪। | সহকারী মাশরুম উন্নয়ন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ কারিগরি শিক্ষাবোর্ড হইতে ৪ (চার)বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |
| ৪৫। | উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ কারিগরি শিক্ষাবোর্ড হইতে ৪ (চার)বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |
| ৪৬। | কৃষি সম্প্রসারণ কর্মী (কমলা চাষ) বা কৃষি সম্প্রসারণ কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ কারিগরি শিক্ষাবোর্ড হইতে ৪ (চার)বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |
| ৪৭। | কারিগরি সহকারী বা ওভারসিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেটপাশসহ কারিগরি শিক্ষাবোর্ড হইতে ৪ (চার)বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |
| ৪৮। | উর্ধ্বতন হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | জ্যেষ্ঠতার ভিত্তিতে হিসাবরক্ষক বা একাউন্ট্যান্ট বা অডিট সুপার বা বাজেট সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪৯। | কৃষি উপ-দর্শক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ কারিগরি শিক্ষা বোর্ড হইতে ৪ (চার)বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমাধারি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫০। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক বা (স্টোর কিপার বা গুদাম রক্ষক) বা কেয়ার টেকার বা পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫১। | প্রধান সহকারী তথা হিসাব রক্ষক বা হেড এসিষ্ট্যান্ট কাম একাউন্ট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক বা (স্টোর কিপার বা গুদামরক্ষক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫২। | বাজেট সহকারী | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে উহা স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫৩। | হিসাবরক্ষক বা একাউন্ট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক বা অডিটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৪। | সাঁট লিপিকার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) শর্টহ্যান্ড পরীক্ষায় গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ;এবং<br>(ঙ) তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৫। | অডিট সুপার | - | পদোন্নতির মাধ্যমে | অডিটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৬। | ব্যক্তিগত সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) শর্টহ্যান্ড পরীক্ষায় গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ;এবং<br>(ঙ) তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৭। | কম্পিউটার অপারেটর | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৮। | অডিটর | - | পদোন্নতির মাধ্যমে | ক্যাশিয়ার (উচ্চ স্কেল)বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫৯। | পরিসংখ্যান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়সহ অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬০। | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে, তবে মোট পদের ৯০% পদ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ হইতে এবং ১০% পদ ক্যাশিয়ার পদের জন্য সংরক্ষিত থাকিবে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ক্যাশিয়ার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬১। | হিসাব রক্ষক কাম সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬২। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬৩। | কেয়ার টেকার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬৪। | স্টোর কিপার বা গুদামরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা অ্যাসিস্ট্যান্ট স্টোর কিপার বা সহকারী গুদাম রক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫। | উচ্চমান সহকারী বনাম গুদামরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬। | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত সার্ভে ট্রেনিং ইনস্টিটিউট হইতে (সংশ্লিষ্ট বিষয়ে) ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৭। | অটোমোবাইল মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহকারী মেকানিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইলে ভোকেশনাল উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৮। | মাঠ সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক স্বীকৃত কোনো ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে ডিপ্লোমাধারি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৯। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা স্টোনোটাইপিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) শর্টহ্যান্ড পরীক্ষায় গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ;এবং<br>(ঙ) তফসিল-৩ ও ৫অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭০। | ফার্ম সুপারভাইজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরিশিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো ইনস্টিটিউট হইতে কৃষিবিষয়ে ডিপ্লোমাধারি;<br>অথবা<br>প্রাণিবিদ্যা বা উদ্ভিদবিদ্যাসহ স্নাতক ডিগ্রি;<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭১। | মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী মেকানিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭২। | ক্যাশিয়ার (উচ্চ স্কেল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৩। | (ক) অডিও ভিজ্যুয়াল অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ৩.০ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ অডিও ভিডিও বা ভিডিও এডিটিং এন্ড সাউন্ড রেকর্ডিং ট্রেডকোর্স সম্পন্ন; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) অডিও ভিজ্যুয়াল অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ অডিও ভিডিও বা ভিডিও এডিটিং এন্ড সাউন্ড রেকডিং ট্রেডকোর্স সম্পন্নকৃত; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৪। | (ক) ড্রাফ্টসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ড্রাফটিং সিভিল বা বিল্ডিং ট্রেডকোর্স সার্টিফিকেটসহ অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) ড্রাফ্টসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ড্রাফটিং সিভিল বা বিল্ডিং ট্রেডকোর্স সার্টিফিকেটসহ অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৫। | (ক) গাড়ীচালক বা ড্রাইভার (ভারী যান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারি; এবং<br>(খ) তফসিল- ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) গাড়ীচালক বা ড্রাইভার (হালকা যান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত হালকা বা ভারীযানবাহন চালনার বৈধ লাইসেন্সধারি; এবং<br>(খ) তফসিল- ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৬। | ড্রাইভার (ট্রাক্টর বা পাওয়ার পাম্প বা পাওয়ার টিলার) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ক্ষেত্রে:**<br>(ক) প্লাম্বিং মিস্ত্রি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা স্প্রেয়ার মেকানিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) ড্রাইভার (ট্রাক্টর) পদের ক্ষেত্রে বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স;এবং<br>(গ) ট্রাক্টর বা পাওয়ার পাম্প বা পাওয়ার টিলার চালনায় ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) স্বীকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত হালকা বা ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৭। | পাম্প বা জেনারেটর অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) স্প্রেয়ার মেকানিক বা প্লাম্বিং মিস্ত্রি পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) পাম্প বা জেনারেটর চালনায় ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে পাম্প বা জেনারেটর চালনার ওপর ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ;এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৮। | ট্রাক ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত হালকা বা ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারি; এবং<br>(খ) তফসিল- ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৯। | ডাটা এন্ট্রি অপারেটর | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮০। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮১। | গ্রাফিক ডিজাইনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রাফিক ডিজাইনের উপর ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারি; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮২। | অ্যাসিস্ট্যান্ট স্টোরকিপার বা সহকারী গুদাম রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৩। | ক্লার্ক কাম টাইপিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ; এবং<br>(ঘ) তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৪। | এলডিএ কাম টাইপিস্ট সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ;এবং<br>(ঘ) তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী বা অফিস সহকারী তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩০% পদ অনুমোদিত পদসমূহের আনুপাতিক হারে ডুপ্লিকেটিং/ফটোস্ট্যাট মেশিন অপারেটর বা ক্যাশ সরকার বা অফিস সহায়ক (উচ্চ স্কেল) বা রেকর্ড সাপ্লায়ার বা ক্যাশ গার্ড বা (অফিস সহায়ক বা বার্তা বাহক বা অফিস এটেনডেন্ট) বা (নিরাপত্তা প্রহরী বা ওয়াচম্যান) বা নিরাপত্তা প্রহরী বা অফিস নিরাপত্তা প্রহরী পদ হইতে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ডুপ্লিকেটিং/ফটোস্ট্যাট মেশিন অপারেটর পদে ৩ (তিন) বৎসর অথবা ক্যাশ সরকার বা অফিস সহায়ক (উচ্চ স্কেল) বা রেকর্ড সাপ্লায়ার পদে ৫ (পাঁচ) বৎসর অথবা আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত ক্যাশ গার্ড বা (অফিস সহায়ক বা বার্তাবাহক বা অফিস এটেনডেন্ট) বা (নিরাপত্তা প্রহরী বা ওয়াচম্যান) অথবা নিরাপত্তা প্রহরী বা অফিস নিরাপত্তা প্রহরী পদে ৭ (সাত) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিট বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ; এবং<br>(ঘ) তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৬। | ফিল্ড অ্যাসিস্টেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৭। | প্লান্ট অবজারভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৮। | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৯। | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক ভোকেশনাল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯০। | সহকারী মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>স্প্রেয়ার মেকানিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক ভোকেশনাল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯১। | সহকারী লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯২। | ল্যাবরেটরি অ্যাসিস্টেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৩। | এমএইচ এটি প্লান্ট অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইল বা ইলেকট্রিক ট্রেড-এ মাধ্যমিক স্কুল ভোকেশনাল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৪। | প্লাম্বিং মিস্ত্রি বা প্লাম্বার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ টিউবওয়েল মেরামত এবং পানির লাইন মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯৫। | রেকর্ড কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক বা রেকর্ড সাপ্লায়ার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৬। | ডুপ্লিকেটিং বা ফটোস্ট্যাট মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক বা সাপ্লায়ার বা রেকর্ড সাপ্লায়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৭। | ট্রলার চালক বা ট্রলার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ট্রলার বা যান্ত্রিক নৌকা চালনার কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং বিআইডব্লিউটিএ হইতে বৈধ সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯৮। | স্প্রেয়ার মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট;<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৯। | গার্ডেনার কাম ইমাসকুলেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সিডবেড তৈরি, চারা কলম ইত্যাদি উৎপাদন কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০০। | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক বা বার্তাবাহক বা অফিস এটেনডেন্ট বা নিরাপত্তা প্রহরী বা ওয়াচম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০১। | অফিস সহায়ক (উচ্চ স্কেল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকিট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ আউটসোসিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক বা বার্তাবাহক বা অফিস এটেনডেন্ট বা নিরাপত্তা প্রহরী বা ওয়াচম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০২। | রেকর্ড সাপ্লায়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক বা বার্তাবাহক বা অফিস এটেনডেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৩। | লিফট অপারেটর বা লিফটম্যান | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | |
| ১০৪। | ক্যাশ গার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৫। | ট্রলার হেলপার | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | |
| ১০৬। | বাবুর্চি | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | |
| ১০৭। | গার্ডেনার | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | |

| | | |
|---|---|---|
| ১০৮। | অফিস সহায়ক বা বার্তাবাহক বা অফিস এটেনডেন্ট | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১০৯। | নিরাপত্তা প্রহরী বা ওয়াচম্যান | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১০। | মালী | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১১। | ফার্ম লেবার | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১২। | খালাসি | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১৩। | কুক হেলপার | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১৪। | কেয়ার টেকার | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১৫। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে; মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |
| ১১৬। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |
| ১১৭। | নিরাপত্তা প্রহরী বা অফিস নিরাপত্তা প্রহরী | পদোন্নতি বা অবসর বা মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। |

**তফসিল-২**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি</th><th rowspan="2">বিষয়ভিত্তিক নম্বর</th><th rowspan="2">মোট নম্বর</th><th rowspan="2">লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর</th><th rowspan="2">লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td rowspan="5">ক।</td><td>১। লিখিত পরীক্ষার বিষয়</td></tr>
<tr><td>বাংলা</td><td>২৫</td><td rowspan="4">৯০</td><td rowspan="4">৫০%</td><td rowspan="5">৯০ মিনিট</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>২৫</td></tr>
<tr><td>গণিত/পদ সংশ্লিষ্ট বিষয়</td><td>২০</td></tr>
<tr><td>সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td>খ।</td><td colspan="2">২। মৌখিক পরীক্ষা</td><td colspan="2">১০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট নম্বর</td><td colspan="3">১০০</td></tr>
</table>

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী বা সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা ক্লার্ক কাম টাইপিস্ট বা এলডিএ কাম টাইপিস্ট সহকারী বা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী বা অফিস সহকারী তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি</th><th rowspan="2">বিষয়ভিত্তিক নম্বর</th><th rowspan="2">মোট নম্বর</th><th rowspan="2">লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর</th><th rowspan="2">লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td rowspan="5">ক।</td><td>১। লিখিত পরীক্ষার বিষয়</td></tr>
<tr><td>বাংলা</td><td>৩০</td><td rowspan="4">১০০</td><td rowspan="4">৫০%</td><td rowspan="5">৯০ মিনিট</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>৩০</td></tr>
<tr><td>গণিত</td><td>২০</td></tr>
<tr><td>সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td>খ।</td><td colspan="2">২। মৌখিক পরীক্ষা</td><td colspan="2">১০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট নম্বর</td><td colspan="3">১১০</td></tr>
</table>

ব্যাখা : লিখিত পরীক্ষা এবং তফসিল-৪ এ বর্ণিত সাঁটলিপি বা কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**

গাড়ি চালক বা ট্রাক ড্রাইভার বা ড্রাইভার (ট্রাক্টর বা পাওয়ার পাম্প বা পাওয়ার টিলার) বা ট্রলার চালক বা ট্রলার অপারেটর পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি:

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক। | ১। লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | | | |
| | ইংরেজি | ১০ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| খ। | ২। মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বর | | ৫০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষা এবং বিআরটিএ বা বিআইডব্লিউটিএ কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৫**

সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী বা সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা ক্লার্ক কাম টাইপিস্ট বা এলডিএ কাম টাইপিস্ট সহকারী বা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী বা অফিস সহকারী তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের সাঁটলিপি বা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | সাঁটলিপি | | | | | | | |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫মিনিট | ৫মিনিট |
| ব্যক্তিগত সহকারী | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫মিনিট | ৫মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা স্টোনোটাইপিস্ট | ৭০শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫মিনিট | ৫মিনিট |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩০শব্দ | ২৫শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| ব্যক্তিগত সহকারী | ৩০শব্দ | ২৫শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা স্টোনোটাইপিস্ট | ৩০শব্দ | ২৫শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| ক্লার্ক কাম টাইপিস্ট | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| এলডিএ কাম টাইপিস্ট সহকারী | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী বা অফিস সহকারী তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |

ব্যাখ্যা : ১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

৩। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৬**

২০ তম গ্রেডের পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদিঃ

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক। | ১। লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ১০ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| খ। | ২। মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বর | | ৫০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসিরুজ্জামান**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd